

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং ৪১.০১.৮২০৭.০০০.১৬.০০১.১৬.১৯৭

তারিখঃ ২১/০৮/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের জুন/২০১৭ মাসের অগ্রগতি পর্যালোচনার অসংগতির বিষয়ে জবাব প্রদান প্রসংগে।

সূত্রঃ ৪১.০১.০০০০.০৪২.১৬.০২১.১৭.২৮৫ তারিখঃ ২৫/০৭/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালিয়াকান্দি উপজেলায় সমাজসেবা কর্মকর্তা হিসাবে ১৯/০৭/২০১৭খ্রিঃ তারিখে নতুন যোগদান করি। এখানে এপ্রিল মাসে ফিল্ড সুপারভাইজার ও একজন ইউনিয়ন সমাজকর্মী একসঙ্গে অবসরে যাওয়ার কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর শূন্যতা সৃষ্টি হয়। ইহা ছাড়াও পূর্বের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জুন/২০১৭ মাসে বদলী জনিত কারণে অসমাপ্ত সকল প্রকার ভাতার কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে নিরলস পরিশ্রম এবং সময় ব্যয় করতে হয়েছে। অত্র কার্যালয়ে এক জন ফিল্ড সুপারভাইজার এক জন হিসাব সহকারী ও দুই জন ইউনিয়ন সমাজকর্মীর শূন্য পদ পূরণের দ্রুত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

(ক) সুদ মুক্ত ঋণের বরাদ্দকৃত টাকা বিলম্বে পাওয়ায় নির্দিষ্ট সময়ের মধ্যে বিনিয়োগ করা সম্ভব হয় নাই এবং ৫,০০,০০০+৫,০০,০০০=১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা মূল বরাদ্দের হিসাব জুন/১৭ মাসের প্রতিবেদনে যোগ করা হয় নাই। মূল বরাদ্দের উল্লেখিত ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা চলতি মাসের প্রতিবেদনে যোগ করে মাসিক প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে এবং আগামী সেপ্টেম্বর/২০১৭ মাসের মধ্যে বিনিয়োগের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

(খ) অত্র বালিয়াকান্দি উপজেলায় জুন/২০১৭ মাসে সুদমুক্ত ঋণের আদায় ছিল ২৬,৯৫০/টাকা

(গ) বালিয়াকান্দি উপজেলার জুন/২০১৭ মাসে সুদমুক্ত ঋণ পুনর্বিনিয়োগের আদায়ের হার সন্তোষজনক ছিল।

(ঘ) গ্রামভিত্তিক সার্ভিস চার্জ পূর্বের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কী কারণে বিনিয়োগ করেন নাই বিষয়টি আমি অবহিত নই।

(ঙ) অত্র বালিয়াকান্দি উপজেলায় জুন/২০১৭ মাসে দলীয় সঞ্চয় আদায়ের পরিমাণ ছিল ৪৫০/-টাকা ভুলবশত প্রতিবেদনে উল্লেখ করা হয় নাই। অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করছি। ভবিষ্যতে এবিষয়ে সতর্কতা অবলম্বন করা হবে।

(চ) পূর্বের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কি কারণে জুন/২০১৭ মাসে পুনঃ বিনিয়োগ করে নাই বিষয়টি আমার জানা নেই।

(ছ) মহোদয়ের সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, নতুন কর্মকর্তা হিসাবে যোগদান করে সমাজসেবা অধিদপ্তরের মাঠ পর্যায়ে বাস্তবায়িত সকল কর্মসূচির নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন পদ্ধতি ও কর্মকৌশল বুঝতে একটু সময়ক্ষেপন হচ্ছে। ইহা ছাড়া সামাজিক নিরাপত্তা ও সুরক্ষা কর্মসূচীর আওতায় অতি গুরুত্বপূর্ণ বয়স্কভাতাসহ সকল প্রকার ভাতা বিতরণ ও প্রতিস্থাপনের কাজে বেশী সময় দেওয়ায় এহেন অনিচ্ছাকৃত ভুলের জন্য আন্তরিকভাবে দুঃখিত। পরবর্তীতে এ সকল বিষয়ে সতর্কতা অবলম্বন করা হবে। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো হলো।

(অজয় কুমার হালদার)  
উপজেলা সমাজসেবা অফিসার  
বালিয়াকান্দি, রাজবাড়ী।

প্রাপক,  
উপ পরিচালক  
জেলা সমাজসেবা কার্যালয়  
রাজবাড়ী।

